

ইবতেদায়ি ও দাখিলে বৃত্তি পরীক্ষার মানবন্টন প্রকাশ

অনলাইন ডেক্স



ফাইল ছবি

ইবতেদায়ির পঞ্চম শ্রেণি এবং দাখিল অষ্টম শ্রেণি বৃত্তি পরীক্ষা

২০২৫ এর বিষয় ও মানবন্টন নির্ধারণ করেছে বাংলাদেশ

মাদরাসা শিক্ষা বোর্ড। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা

শিক্ষা বিভাগের অনুমোদনের পর এ বিষয়ে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি

প্রকাশ করা হয়েছে। এতে বিষয়ভিত্তিক পূর্ণমান ও প্রশ্নকাঠামোয়

পরিবর্তন আনা হয়েছে।

সম্প্রতি বোর্ডের প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়, জাতীয়

শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) প্রণীত পাঠ্যসূচি

অনুসারে প্রশ্ন প্রণয়ন করা হবে।

নতুন প্রশ্ন কাঠামো অনুযায়ী এ পরীক্ষায় মোট চারটি বিষয়

থাকছে।

বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

(এনসিটিবি) প্রণীত মাদরাসার ৫ম ও ৮ম শ্রেণির পাঠ্যপুস্তক

থেকে বোর্ড অনুমোদিত প্রশ্নকাঠামো অনুসারে বৃত্তি পরীক্ষা

অনুষ্ঠিত হবে।

আর এতে ইবতেদায়ি (৫ম শ্রেণি) বৃত্তি পরীক্ষায় চারটি বিষয়

থাকবে—কোরআন মাজিদ ও তাজভিদ (পূর্ণমান ১০০), আরবি ১ম

ও ২য় পত্র ($৫০+৫০= ১০০$), বাংলা ও ইংরেজি ($৫০+৫০=$

১০০), এবং গণিত ও বিজ্ঞান ($৬০+৮০= ১০০$)। সর্বমোট

পূর্ণমান ৪০০।

অন্যদিকে, দাখিল (৮ম শ্রেণি) বৃত্তি পরীক্ষায় থাকবে কোরআন

মাজিদ ও তাজভিদ এবং আকাইদ ও ফিকহ ($৫০+৫০= ১০০$),

আরবি ১ম ও ২য় পত্র ($৫০+৫০= ১০০$), বাংলা ও ইংরেজি

($৫০+৫০= ১০০$) এবং গণিত ও বিজ্ঞান ($৬০+৮০= ১০০$)।

মোট পূর্ণমান ৪০০।

আরো বলা হয়, এর আগে প্রকাশিত প্রশ্নকাঠামো, মানবণ্টন ও

নমুনা প্রশ্ন সংক্রান্ত বোর্ডের ১ সেপ্টেম্বর ও ২৩ সেপ্টেম্বরের দুটি

নির্দেশনা বাতিল করা হয়েছে।